গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

টেলিযোগাযোগ অধিদপ্তরে অনুষ্ঠিত অক্টোবর ২০২২ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রফিকুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৮ অক্টোবর ২০২২ খ্রি. |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সম্মেলনকক্ষ (রুম নম্বর ৪০৩) |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

১) সেপ্টেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|
| ১ | সেপ্টেম্বর ২০২২ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২১/০৯/২০২২ তারিখ রোজ বুধবার সকাল ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত সেপ্টেম্বর ২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ইনথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। | |

২) সেপ্টেম্বর/২০২২ মাসের সমন্বয় সভায় গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি

| ক্র. | বিষয় | বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | আলোচনা | এ মাসের সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১ | সিটিডিআর সেন্টারের দৈনন্দিন কার্যক্রম | বিটিসিএল থেকে নেয়া সিটিডিআর সেন্টারের লিংকসমূহের সুষ্ঠু পরিচালনার নিমিত্ত বিটিসিএলের সাথে একটি SLA সম্পাদন করার বিষয়টি প্রক্রিয়াধীন আছে। সেপ্টেম্বর ২০২২ মাসের সিদ্ধান্ত মোতাবেক দ্রুততম সময়ে SLA সম্পাদন করতে হবে। | SLA সম্পাদনের বিষয়টি প্রক্রিয়াধীন আছে। | সার্ভিস availability এবং অভিযোগ গ্রহণ করার জন্য ২৪x৭ কল সেন্টারের উল্লেখ করে SLA করতে হবে। এটি না করলে সার্ভিস ক্ষতিগ্রস্ত হবে। সভায় পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) জানান যে SLA সম্পাদন করার বিষয়টি ২/৩ দিনের মধ্যে প্রক্রিয়া করা হবে। | অক্টোবর/২০২২ মাসের মধ্যে একটি SLA সম্পাদন চূড়ান্ত করতে হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | সিটিডিআর ফেইজ-২ প্রকল্পের মাসিক প্রতিবেদন | ১) প্রকল্প পরিচালকসহ জনবল নিয়োজিত হয়েছে।<br>২) এডিপিতে বরাদ্দ না থাকায় মন্ত্রণালয়ের থোক বরাদ্দ হতে ২৫ কোটি টাকার চাহিদা এএমএস সিস্টেমে প্রক্রিয়াধীন রয়েছে।<br>৩) ক্রয় পরিকল্পনা, সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুমোদিত হয়েছে।<br>৪) ৫টি ক্রয় প্যাকেজের কারিগরি বিনির্দেশ কমিটি গঠন করা হয়েছে। বহি: সদস্য পাওয়া গেলে এ বিষয়ে কাজ শুরু হবে। | ১) ক্রয় প্যাকেজের কারিগরি বিনির্দেশ কমিটি কাজ করছে। তবে কমিটির বহিঃসদস্যের মনোনয়ন এখনও পাওয়া যায়নি।<br>২) এডিপিতে বরাদ্দ না থাকায় মন্ত্রণালয়ের থোক বরাদ্দ হতে ১০ কোটি টাকার চাহিদার বিষয়টি এএমএস সিস্টেমে প্রক্রিয়াধীন রয়েছে।<br>৩) বরাদ্দ পাওয়া সাপেক্ষে প্রকল্পের কাজের টেন্ডার প্রক্রিয়া করা হবে। | সভায় জানানো হয় যে অর্থ বরাদ্দ করা হয়েছে এবং মন্ত্রী মহোদয় প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করার জন্য তাগিদ দিয়েছেন।<br>ক্রয় প্যাকেজের কারিগরি বিনির্দেশ প্রণয়নে কমিটির বহি:সদস্য পাওয়া গেলে দ্রুততার সাথে ক্রয়কাজ শুরু করা হবে। | প্রকল্প পরিচালক, সিটিডিআর ফেইজ-২ ব্যক্তিগতভাবে যোগাযোগ করে কমিটির বহি:সদস্যের মনোনয়ন সংগ্রহ করবেন। |
| ৩ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক প্রতিবেদন | ১) প্রকল্পের আওতায় সেপ্টেম্বর ২০২২ পর্যন্ত ১৯৭৮টি ক্লাসরুমের মধ্যে ১৬৭৮টি ক্লাসরুমের কাজ সম্পন্ন হয়েছে। | ১০ অক্টোবর ২০২২ খ্রি. পর্যন্ত ১৭৮১ টি ক্লাসরুমের কাজ সম্পন্ন হয়েছে। | সভায় আলোচনা হয় যে এখনও ৩৩টি বিদ্যালয়ে মালামাল পৌছায়নি। প্রকল্প থেকে জানানো হয় যে, প্রকল্পের মেয়াদ ৩১ জানুয়ারি ২০২৩, তবে ডিসেম্বর ২০২২ এর মধ্যে যাবতীয় কাজ সম্পন্ন হবে।<br>এখনও পর্যন্ত কোন ক্লাসরুমের ইন্টারনেট সংযোগ দেয়া যায়নি। সংযোগের বিষয়ে বিটিসিএল কাজ করছে, প্রকল্পের মেয়াদের মধ্যে সবকটি ক্লাসরুমে ইন্টারনেট সংযোগ দেয়া যাবে মর্মে প্রকল্প থেকে সভায় অবহিত করা হয়। | প্রকল্প মেয়াদের মধ্যেই যাবতীয় কাজ সম্পন্ন করতে হবে। |

৩) অক্টোবর/২০২২ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|---|

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১ | সিটিডিআর সেন্টারের দৈনন্দিন কার্যক্রম | ১) প্রকল্পের চারটি গাড়ী TO&E ভুক্ত না হওয়া ।<br>২) BTCL এর সহিত Transmission Link ভাড়া চুক্তি প্রক্রিয়াধীন আছে। বিটিসিএল হতে Quotation পাওয়া গেছে । | ১) সভায় পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) জানান যে, সিটিডিআর সেন্টারকে অর্গানোগ্রামে ফাংশনাল ইউনিট হিসেবে উপস্থাপন করে মন্ত্রণালয়ের নির্ধারিত ছক মোতাবেক TO&E ভুক্ত করার জন্য পত্র প্রেরণ করতে হবে। | ১) সিটিডিআর সেন্টারকে অর্গানোগ্রামে ফাংশনাল ইউনিট হিসেবে অন্তর্ভূক্ত করা এবং প্রয়োজনীয় পদসৃজনের জন্য চাহিদা প্রদান করতে হবে।<br>২) মন্ত্রণালয়ের নির্ধারিত ছক মোতাবেক TO&E ভূক্ত করার জন্য পিটিডি'তে পত্র প্রেরণ করতে হবে। | পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) |
| ২) | টেলিযোগাযোগ অধিদপ্তরের নতুন প্রকল্প গ্রহণ সম্পর্কিত | a) Establishment of ITU recognized Telecommunication Conformance Testing Centre and founding Telecom Testing Regime in Bangladesh, and<br>b) Establishment of National Academy for Advanced Telecommunications Research and Training (NAATRT) এর ফিজিবিলিটি স্টাডির জন্য প্রস্তুতকৃত ডিপিপি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের অগ্রগতি পর্যালোচনা। | সভায় মহাপরিচালক অবহিত করেন যে b) নম্বর প্রকল্পটি বাস্তবায়নের দায়িত্ব বিটিসিএল থেকে ডিওটিকে প্রদান করা হয়েছে। ফলে ডিওটি'র সকলকে আন্তরিকভাবে অংশ নিয়ে কাজটি বাস্তবায়ন করতে হবে। সভায় আলোচনা হয় যে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে 'যাচাই কমিটির সভা'য় উপস্থাপনের জন্য খসড়া কার্যপত্র প্রস্তুত করে প্রেরণ করতে হবে। | এ বিষয়ে পিটিডি'র সাথে যোগাযোগ রক্ষা করে খসড়া কার্যপত্র প্রেরণ করতে হবে। | উপপরিচালক (আইসিটি বাস্তবায়ন) |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩) | সেপ্টেম্বর ২০২২ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনা | ক) পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীগণের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন এবং পিআরএল মঞ্জুরি<br>খ) আঠারো মাসের এককালীন থোক মঞ্জুরি<br>গ) জিপিএফ মঞ্জুরি<br>ঘ) পেনশন ও আনুতোষিক মঞ্জুরি<br>ঙ) কল্যাণ বিষয়ক আবেদন মঞ্জুরি<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক আবেদন মঞ্জুরী<br>ছ) কর্মকর্তা-কর্মচারীগণের উচ্চতর গ্রেড/ সিলেকশন গ্রেড মঞ্জুরী বিষয়ক আবেদন। | ক) যোগদান ও পদস্থাপনের ২৩ টি আবেদনের সবগুলি নিষ্পত্তিকৃত। পিআরএল মঞ্জুরির ২৫টি আবেদনের মধ্যে ১টি প্রক্রিয়াধীন।<br>খ) প্রাপ্ত মোট ৬৮টি আবেদনের মধ্যে মাসান্তে ১৭টি পেন্ডিং আছে।<br>গ) মোট ১৯২ টি জিপিএফ আবেদনের মধ্যে ৪৯টি আবেদন জিপিএফ স্লিপের সাথে নামের গড়মিল থাকায় প্রক্রিয়াধীণ আছে।<br>ঘ) ডিওটি থেকে চলতি মাসের ৩৯টি সহ সিএএফও অফিসে মোট প্রেরণ করা হয়েছে ১০৬টি। যার মধ্যে ২৯টি নিষ্পত্তি হয়েছে, ৭৭টি সিএএফও অফিসে প্রক্রিয়াধীন আছে, এবং ৬টি ফেরত এসেছে।<br>ঙ) কল্যাণ শাখার সকল আবেদন যথাসময়ে নিষ্পত্তি করা হয়েছে।<br>চ) পাসপোর্ট ও ছুটি বিষয়ক প্রাপ্ত আবেদনের মধ্যে ৪টি আবেদন প্রক্রিয়াধীন আছে।<br>ছ) নন-ক্যাডার ৩ (তিন) জনকে উচ্চতর গ্রেড প্রদান করা হয়েছে। | পেনশন সেবার ছকটিতে "সিএএফও অফিসে প্রক্রিয়াধীন" কলামটি বাদ দিয়ে সেবা মনিটরিং প্রতিবেদন পেশ করতে হবে। | সেবা মনিটরিং কমিটি |
| ৪) | বিবিধ | ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের তথ্য বাতায়নের ব্যানার হালনাগাদ করণ। | ক) উপপরিচালক (আইসিটি বাস্তবায়ন) সংশ্লিষ্ট ছবি সংগ্রহপূর্বক অধিদপ্তরের তথ্য বাতায়নের ব্যানার হালনাগাদকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে করবেন। | | |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ রফিকুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.২৪২

তারিখ: ১৫ কার্তিক ১৪২৯

৩১ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ

২) অতিরিক্ত মহাপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৩) পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৪) উপপরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৫) সিনিয়র সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৬) সহকারী পরিচালক, টেলিযোগাযোগ অধিদপ্তর

৭) অফিস কপি



মোঃ মফিজ উদ্দিন

পরিচালক